গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : মো: ইব্রাহিম খান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| সভার তারিখ | : ২৮-১১-২০২৩ খ্রিস্টাব্দ |
| সময় | : বেলা ১০:০০ টা |
| স্থান | : জেলা সমাজসেবা কার্যালয়, তেজগাঁও, ঢাকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

২.০ উপস্থাপনা ও আলোচনা:

২.১ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করা হয়। সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণনয়ন করেছে এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী তা বাস্তবায়ন করছে। সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।

২.২ সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সভায় শুদ্ধাচার কার্যক্রম সংক্ষিপ্তাকারে উপস্থাপন করেন। তিনি জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে আহবায়ক করে অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের প্রধান এবং এ মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে ১২ সদস্য বিশিষ্ট নৈতিকতা কমিটি রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুসরণে এ মন্ত্রণালয় ও তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নিয়মিত বাস্তবায়ন ও পরিবীক্ষণ করছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২০২৪ অর্থবছরে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে বাস্তবায়ন করা হয়। এ মন্ত্রণালয় ও অধীনস্ত সংস্থাসমূহের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ও শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয় এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটিতে পর্যালোচনা করা হয়। ২০২৩-২০২৪ অর্থবছরে এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কার্যক্রমের ১.৩.১ কর্মসম্পাদন সূচকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakholders) অংশগ্রহণে ২টি সভা আয়োজন করার বিষয়টি উল্লেখ রয়েছে। তৎপ্রেক্ষিতে আজকের সভা আহ্বান করা হয়েছে।

২.৩ সভায় জানানো হয় যে, সরকারি অফিসের সিটিজেন চার্টার অনেক সময় ছেড়া/অস্পষ্ট অবস্থায় দেখা যায় এবং সিটিজেন চার্টারের তথ্যাদি আপ-টু-ডেট থাকে না। ফলে সেবা গ্রহণকারী সঠিক তথ্যাদি পেতে অসুবিধায় পড়েন। এছাড়া সরকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের ওয়েবসাইটে আপডেট তথ্য সন্নিবেশ থাকে না। উক্ত বিষয়ে কার্যকারী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়।

৩.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

ক. এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের চলমান অভিযোগ প্রতিকারের সেবাবক্স প্রতিনিয়ত আপডেট করতে হবে ;
খ. প্রতিটি অভিযোগ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;
গ. তথ্য অধিকার বিষয়ক সেবাবক্স আপডেট করতে হবে;
ঘ. ওয়েবসাইটে তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য প্রকাশ করতে হবে;
ঙ. দপ্তর/সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে;
চ. কোয়ার্টারভিত্তিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪.০ অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৯-১১-২০২২
মো: ইব্রাহিম খান
অতিরিক্ত সচিব (প্রশাসন)

অপর পৃষ্ঠায় :

স্মারক নম্বর - ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৪.২২-১৫৯/১

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০
২৯ নভেম্বর ২০২৩

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা
৫. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ন ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৭. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৮. সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয় **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১১. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৯/১১/২৩
(মুহাম্মদ মিজানুর রহমান মিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৯৩
E-mail: performance@msw.gov.bd